

উপজেলা পরিষদ কার্যালয়  
মহেশপুর, বিনাইদহ।

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি র সভার কার্যবিবরণী :

সভাপতি : মোছাঃ হাসিনা খাতুন  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
মহেশপুর, বিনাইদহ।

সভার স্থান : ভাইস চেয়ারম্যান এর কার্যালয়  
মহেশপুর, বিনাইদহ।  
সভার তারিখঃ ১২/৭/২০২১ খ্রিঃ।  
সভার সময় : ১২:০০ ঘটিকা।

| উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর (ক্রমানুসারে)            | স্বাক্ষর   |
|--|------------|
| মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর, বিনাইদহ | স্বাক্ষরিত |
| চেয়ারম্যান, নেপা ইউপি, মহেশপুর, বিনাইদহ               | স্বাক্ষরিত |
| চেয়ারম্যান, স্বরূপপুর ইউপি, মহেশপুর, বিনাইদহ          | স্বাক্ষরিত |
| চেয়ারম্যান, শ্যামকুড় ইউপি, মহেশপুর, বিনাইদহ          | স্বাক্ষরিত |
| সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মহেশপুর, বিনাইদহ          | স্বাক্ষরিত |

সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। চেয়ারম্যান, ফতেপুর ইউপি, মহেশপুর, বিনাইদহ বলেন বর্তমান সরকার গুরুত্বপূর্ণ কার্যক্রম পর্যালোচনার জন্য এই স্থায়ী কমিটি দেশ জাতীয় উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। সভাপতি সদস্য সচিবকে সভার কার্যক্রম পরিচালনা করার জন্য দৃষ্টি আকর্ষণ করেন।

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।

০২। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগের তত্ত্বাবধানে বাস্তবায়নধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বিভিন্ন সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রণয়নের সুযোগ আছে। এ প্রসঙ্গে কমিটির সদস্য জনাব মোঃ গোলাম হায়দার নান্টু, চেয়ারম্যান, ০২ নং ফতেপুর ইউপি, মহেশপুর, বিনাইদহ সভাকে অবহিত করেন যে, মৎস্য চাষীদের মাছ চাষের প্রযুক্তিগত মানোন্নয়নের লক্ষ্যে ট্রেনিং কার্যক্রম বাস্তবায়ন প্রয়োজন। এ লক্ষ্যে ১ টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প উপজেলা পরিষদে প্রেরণ করা যেতে পারে। এ বিষয়ে আলোকপাত করা যেতে পারে।

সিদ্ধান্ত : মৎস্য চাষীদের মাছ চাষের প্রযুক্তিগত মানোন্নয়নের লক্ষ্যে নিম্নোক্ত ১ টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা অনুমোদনের জন্য উপজেলা পরিষদে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

১ টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা :

| ক্রঃ | উপ-প্রকল্পের নাম  | বাস্তবায়নকারী বিভাগ |
|------|---|----------------------|
| ০১   | পাবদা/গুলশা/শিখ/মাগুর মাছের একক ও মিশ্র চাষ প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ। | মৎস্য ও প্রাণিসম্পদ  |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
সভাপতি

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি

ও

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান  
মহেশপুর, বিনাইদহ।

তারিখ : ১২/৭/২০২১ খ্রিঃ।

স্মারক নং- উপ/মৎস্য/অ/সদর/বিনাই/২০২০-

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল :-

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর, বিনাইদহ।

০২। উপজেলা নির্বাহী অফিসার, মহেশপুর, বিনাইদহ।

০৩। অফিস কপি।

সদস্য-সচিব

ও

উপজেলা মৎস্য অফিসার, মহেশপুর